৫ম উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর ৪০তম (সেপ্টেম্বর, ২০২২খ্রি. মাসের) সভার কার্যবিবরণীঃ

সভাপতি : শাহিদ মাহমুদ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।
তারিখ : ২২ সেপ্টেম্বর, ২০২২খ্রি.।
সভার স্থান : উপজেলা কৃষক প্রশিক্ষণ কক্ষ, উপজেলা কৃষি দপ্তর, নীলফামারী সদর, নীলফামারী।
সময় : সকাল ১১.৩০ঘটিকা

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নীলফামারী সদর গত ১১-০৮-২০২২খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১.উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, নীলফামারী সদর উপজেলায় ৪৬টি কমিউনিটি ক্লিনিক এবং ২টি ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র সপ্তাহে ৬দিন খোলা রেখে প্রান্তিক জনগোষ্ঠিকে চিকিৎসাসেবা প্রদান করা হচ্ছে। বর্ণিত কমিউনিটি ক্লিনিক ও ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্রে বরাদ্দ প্রাপ্ত ওষুধ বক্সে করে সরবরাহ করা হয়ে থাকে। প্রাপ্ত বক্স খোলার সময় ক্লিনিকের সভাপতিগণকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। যাতে তালিকা অনুযায়ী প্রান্তিক জনগোষ্ঠিকে ওষুধ প্রদান করা সম্ভব হয়। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। কমিউনিটি ক্লিনিক ও ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্রের ওষুধের বক্স খোলার সময় সভাপতিগণকে উপস্থিত রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। ইউপি চেয়ারম্যানগণ কমিউনিটি ক্লিনিকসমূহ নিয়মিত দর্শন করবেন। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা নীলফামারী সদর।<br>২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ(সকল) নীলফামারী সদর। |
| ০২.উপজেলা কৃষি বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি, তবে উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নীলফামারী সদরের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। চলতি আমন মৌসুমে কৃষদেরকে পরামর্শ প্রদান করা হচ্ছে। রাসায়নিক সার ও কীটনাশকের বাজার মূল্য নিয়ন্ত্রণের জন্য নিয়মিত বাজার পরিদর্শন করা হচ্ছে। তিনি আরও জানান যে, তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। রাসায়নিক সার ও কীটনাশকের দর স্থিতিশীল রাখতে নিয়মিত বাজার পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার নীলফামারী সদর। |
| ০৩. উপজেলা মৎস্য বিভাগঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, আগামী ০৭ হতে ২৮ অক্টোবর, ২০২২খ্রি. পর্যন্ত সারা দেশে জাতীয় ইলিশ মাছ আহরণ ও বিক্রয় বন্ধ থাকবে। এ বিষয়ে নিয়মিত বাজার মনিটরিং কার্যক্রম অব্যাহত থাকবে। মৎস্য অধিদপ্তর কর্তৃক নিষিদ্ধ ঘোষিত মাছ ও কারেন্ট জাল বিক্রয় বন্ধের কার্যক্রম চলমান রয়েছে। সরকারি ১(এক) লক্ষ কাটা বরাদ্দের বিপরীতে নীলসাগর দিঘিতে পোনা মাছ অবমুক্ত করা হবে। | ১। ০৭ হতে ২৮ অক্টোবর, ২০২২খ্রি. পর্যন্ত সারা দেশের ন্যায় জাতীয় ইলিশ মাছ বিক্রয় বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। নিষিদ্ধ মাছ ও কারেন্ট জাল বিক্রয় বন্ধে নিয়মিত হাট বাজার মনিটরিং করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা নীলফামারী সদর। |
| ০৪. উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, আগস্ট, ২০২২খ্রি. মাসে তার দপ্তর হতে ১০০০টি গবাদিপশু ও ৩৫০০০টি হাঁসমুরগির চিকিৎসা টিকা প্রদান করা হয়েছে এবং ২০০০টি গবাদিপশু ও ১১৫৮০টি হাসমুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে। কৃত্রিম প্রজনন কার্যক্রমের আওতায় হিমায়িত সিমেনদ্বারা ৪০০টি ও তরল সিমেনদ্বারা ৬২৪টি গবাদিপশুকে কৃত্রিম প্রজন করা হয়েছে এবং বেসরকারিভাবে একটি গবাদিপশুর খামার স্থাপন করা হয়েছে। | গবাদিপশু ও হাঁস-মুরগি পালনের উপর সাধারণ জনগণকে প্রশিক্ষণের মাধ্যমে উৎসাহ প্রদান করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা নীলফামারী সদর। |
| ০৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ হতে আগস্ট, ২০২২খ্রি. মাসে খাবার বড়ি ২৭০৯১ চক্র, আপন ৮৬৮ চক্র, কনডম ১৩৩২৫ পিস, ইনজেকশন ৩০৩৮ ভায়াল বিতরণ করা হয়েছে এবং আই.ইউ.ডি ৭০ জনকে, ইমপ্ল্যান্ট ৮৯ জনকে ও ই.সি.পি ৩১ জনকে প্রদান করা হয়েছে। তিনি আরও জানান যে, ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্রে নিয়মিত সরকারি ওষুধ প্রদান করা হয়ে থাকে। ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্রের সভাপতি হিসেবে ওষুধের বক্স খোলার সময় সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। | ১। পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণে জনসাধারণকে উৎসাহ প্রদান করতে হবে।<br>২। ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্রের ওষুধের বক্স খোলার সময় সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান উপস্থিত থাকবেন। | ১। চেয়ারম্যান, ইউপি সকল নীলফামারী সদর।<br>২। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার নীলফামারী সদর। |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| **০৬. উপজেলা প্রকৌশল বিভাগঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, নীলফামারী সদর উপজেলা পরিষদ চত্ত্বরে ০২(দুই) টি সীমানা প্রাচীর নির্মাণ কাজের দরপত্র আহবানের নোটিশ গত ১৯-০৯-২০২২খ্রি. তারিখে বহুল প্রচারের জন্য পত্রিকায় প্রকাশ করা হয়েছে এবং বঙ্গবন্ধু ম্যুরালের বেদী নির্মাণের জন্য স্থানীয় সরকার বিভাগ হতে প্রশাসনিক অনুমোদন পাওয়া গিয়াছে। পরিষদের পশ্চিম পার্শ্বে গেইট নির্মাণের লক্ষ্যে প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। গেইট নির্মাণের প্রশাসনিক অনুমোদন পাওয়া গেলে বঙ্গবন্ধু ম্যুরালের বেদী ও গেইট নির্মাণের জন্য নির্মাণের নিমিত্ত ০২(দুই)টি প্যাকেজে দরপত্র আহবান করে বাস্তবায়ন করা হবে। ২০২২-২৩ অর্থ বছরে এডিপির প্রাপ্ত বরাদ্দ ও প্রকল্প বাস্তবায়ন সম্পকীত আলোচনা গত গত সভায় উপস্থাপন করা হয়েছে। এ উপজেলার ১৫টি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ স্ব-স্ব ইউনিয়নের প্রকল্প প্রস্তাব দাখিল করেছেন। এখনও অনেক প্রতিষ্ঠান প্রকল্প দাখিল না করায় প্রকল্প বাছাই কমিটির সভা আহবান করতে বিলম্ব হচ্ছে। এখনো যেসব প্রতিষ্ঠান প্রকল্প প্রস্তাব দাখিল করেন নাই জরুরি ভিত্তিতে প্রকল্প প্রস্তাব দাখিলের জন্য তিনি অনুরোধ করেন।<br>তিনি আরও জানান যে, উপজেলা পরিষদের গত মাসের সভার সিদ্ধান্ত অনুযায়ী ০৩(তিন)টি আবাসিক ভবন বসবাসের অযোগ্য/মেরামতের যোগ্য না হওয়ায় নিলামে বিক্রয়ের যথাক্রমে ক)কর্ণফূলী=১৫৯১২৩/-টাকা, খ)যমুনা=১৫৫৯৬৫/-টাকা এবং গ) তিস্তা=১৫৫৯৬৫/-টাকা মূল্য নির্ধারণ করা হয়েছে। প্রাক্কলিত মূল্য উপজেলা পরিষদ কর্তৃক অনুমোদিত হলে ভবন ০৩(তিন)টি অকেজো ঘোষনার জন্য জেলা কনডেমেনেশন কমিটিতে পাঠানোর বিষয়ে তিনি সভায় প্রস্তাব পেশ করেন। এছাড়াও উপজেলা পরিষদের কর্মকর্তাদের আবাসিক ভবন পদ্মা মেরামত যোগ্য হওয়ায় বড় ধরণের মেরামতের জন্য ৪০,০০,০০০/-(চল্লিশ লক্ষ)টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত প্রাক্কলন উপজেলা পরিষদ কর্তৃক অনুমোদিত হলে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য তিনি সভায় প্রস্তাব পেশ করেন। | ১। দ্রুত সময়ের মধ্যে উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণের লক্ষ্যে ঠিকাদার নির্বাচনপূর্বক কাজ সম্পন্ন করতে হবে।<br>২। উপজেলা পরিষদের বঙ্গবন্ধু ম্যুরালের বেদী নির্মাণের জন্য বিধিমোতাবেক দরপত্র আহবান করতে হবে।<br>৩। এডিপি হতে প্রকল্প বাস্তবায়নের জন্য যেসব প্রতিষ্ঠান এখনো প্রস্তাব দাখিল করেন নাই সংশ্লিষ্ট প্রতিষ্ঠান জরুরি ভিত্তিতে প্রস্তাব দাখিল করবেন।<br>৪। উপজেলা পরিষদের আবাসিক বসবাসের অযোগ্য হওয়ায় ক)কর্ণফূলী=১৫৯১২৩/-টাকা, খ)যমুনা=১৫৫৯৬৫/-টাকা এবং গ)তিস্তা=১৫৫৯৬৫/-টাকা নিলামে বিক্রয়ের মূল্য সভায় অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং অকেজো ঘোষনার জন্য জেলা কনডেমেনেশন কমিটিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫। উপজেলা পরিষদের আবাসিক ভবন পদ্মা বড় ধরনের মেরামতের জন্য ৪০,০০,০০০/-(চল্লিশ লক্ষ)টাকার প্রাক্কলন অনুমোদন অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, নীফামারী সদর।<br>২। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, নীলফামারী সদর<br>৩। চেয়ারম্যান ইউপি সকল নীলফামারী সদর |
| **০৭. উপজেলা সমাজসেবা বিভাগঃ** কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২অর্থ বছরের বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাসহ সকল প্রকার ভাতা সুষ্ঠভাবে বিতরণ সম্পন্ন হয়েছে এবং পল্লী সমাজসেবা ও পল্লী মাতৃকেন্দ্রসহ ঘূর্ণয়মান তহবিলের ঋণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। সকল প্রকার ভাতাভোগীর মৃত্যুর তথ্য সমাজসেবা অফিসে দাখিল করার জন্য তিনি ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। সকল প্রকার ভাতাভোগীর মৃত্যুর তথ্য ইউপি চেয়ারম্যানগণ উপজেলা সমাজসেবা অফিসে দাখিল করবেন। | ১। উপজেলা সমাজসেবা অফিসার নীলফামারী সদর।<br>২। চেয়ারম্যান ইউপি সকল, নীলফামারী সদর। |
| **০৮. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর জানান যে, আত্মকর্মসংস্থান প্রকল্পের আওতায় ঋণ বিতরণ করা হয়েছে ৩৬০০০০/-টাকা আদায় হয়েছে ১৩৭১৭৯/-টাকা, কিস্তি খেলাপী আদায় ৯৭৯৪/-টাকা, খেলাপী(মেয়াদ উত্তীর্ণ) আদায় ৫১৮১৬/-টাকা। উত্তরবঙ্গ প্রকল্পের আওতায় ঋণ আদায় হয়েছে ৩৯৮০২/-টাকা, কিস্তি খেলাপী আদায় ৪৮০৬/-টাকা ও খেলাপী (মেয়াদ উত্তীর্ণ) আদায় ৪৮৪০৮/-টাকা। ঋণ আদায়ের হার সন্তোষজনক। | যথা নিয়মে ঋণ আদায়ের হার বৃদ্ধি করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| **০৯. মহিলা বিষয়ক অধিদপ্তরঃ** কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর নীলফামারী। |
| **১০. জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ** তবে উপসহকারী প্রকৌশলী সভায় জানান যে, "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৪র্থ পর্যায়ে ৩৯০টি অগভীর নলকূপ স্থাপন কাজের বরাদ্দ পাওয়া গিয়েছে। শীঘ্রই উপজেলা ওয়াটসান কমিটির সভা আহবান করা হবে। উল্লেখ্য, ৩য় পর্যায়ের ৩৯০টি অগভীর নলকূপ ও অগভীর তারা নলকূপ স্থাপন কাজ শেষ পর্যায়। মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ৩য় ধাপে ৩০টি অগভীর নলকূপের স্থাপন কাজ চলমান রয়েছে। "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিট ১৮টি এর স্থাপন কাজ চলমান রয়েছে। অনুমোদিত সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে জিপিএস/এনএনজিপিএস/পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ওয়াশব্লক নির্মাণ এবং টিএসপি স্থাপন কাজ চলমান। | ১। "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৪র্থ পর্যায়ে প্রাপ্ত বরাদ্দ নীতিমালা অনুযায়ী বিভাজনপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে স্থাপন কাজ সম্পন্ন করতে হবে।<br>২। চলমান প্রকল্পসমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী ডিপিএইচই নীলফামারী সদর। |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| ১১. উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে সভায় উপজেলা শিক্ষা অফিসার জানান যে, শিক্ষা বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। তিনি জানান ১৫ আগস্ট জাতীয় শোক দিবস যথাযথভাবে সকল বিদ্যালয়ে পালন করা হয়েছে এবং আগামী ১৮ অক্টোবর শেখ রাসেল দিবস যথাযথভাবে উদযাপনের জন্য সকল প্রধান শিক্ষককে নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>এ পর্যায়ে উপজেলা পরিষদ চেয়ারম্যান জানান যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকদের উপস্থিতি এবং প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে সংশ্লিষ্ট সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তার পাশাপাশি স্থানীয় ইউপি চেয়ারম্যানগণ যদি নিয়মিত বিদ্যালয় দর্শন করেন তাহলে প্রাথমিক শিক্ষার মান অনেকাংশে বৃদ্ধি পাবে। নিয়মিত প্রাথমিক বিদ্যালয় দর্শন/মনিটরিং করার জন্য তিনি সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন।<br>চেয়ারম্যান, পঞ্চপুকুর ইউপি জানান যে, একই বিদ্যালয়ে দীর্ঘদিন যাবত থাকা শিক্ষকদের যথানিয়মে বদলি করতে পারলে প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার মান বৃদ্ধি পাবে। | ১। সকল প্রাথমিক বিদ্যালয়ে ১৮ অক্টোবর শেখ রাসেল দিবস পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তার পাশাপাশি স্থানীয় ইউপি চেয়ারম্যানগণ নিয়মিত প্রাথমিক বিদ্যালয় দর্শন/মনিটরিং করবেন।<br>৩। একই বিদ্যালয়ে দীর্ঘদিন যাবত থাকা শিক্ষকদের যথানিয়মে বদলির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা শিক্ষা অফিসার<br>নীলফামারী সদর<br>২। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল), নীলফামারী সদর |
| ১২. উপজেলা সমবায় বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে সভায় উপজেলা সমবায় অফিসার, নীলফামারী সদর জানান যে, সমবায় বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই। | আগামী সভায় সমবায় বিভাগের কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা<br>নীলফামারী সদর। |
| ১৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের অনলাইনে ইউনিক আইডির কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়াও তিনি আরও জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের উপস্থিতিতে পাঠদান কার্যক্রম চলমান। মাল্টিমিডিয়া ক্লাশ রুম মনিটরিং চলমান। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন প্রক্রিয়া চলমান এবং অনলাইন এমপিও সুপারিশ প্রক্রিয়া চলমান। | মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে বিদ্যালয় মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>নীলফামারী সদর। |
| ১৪. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, চলতি অর্থ বছরে সাধারণ টিআর ও কাবিটা প্রকল্পের বরাদ্দের বিপরীতে অনেক ইউপি চেয়ারম্যান এখনো প্রকল্প তালিকা দাখিল করেন নাই। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়নের স্বার্থে দ্রুত সময়ে প্রকল্প প্রস্তাব দাখিল করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | টিআর ও কাবিটা প্রকল্পের প্রাপ্ত বরাদ্দ নীতিমালা অনুযায়ী বিভাজনপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>নীলফামারী সদর। |
| ১৫. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিআরডিবি, নীলফামারী সদরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই। | চলমান প্রকল্পের কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>নীলফামারী সদর। |
| ১৬. বন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে বিনা ব্যর্থতায় কার্যপত্র দাখিল করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নীলফামারী। |
| ১৭. উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ বিভাগঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বর্তমানে খাদ্য গুদামে চাল-৭৫০২.৪৮৬মেঃ টন, ধান-০.০০০মেঃ টন, গম-০.০০০মেঃ টন ও খালি বস্তা প্রায়-৪৬৫৫৮১ খানা মজুদ রয়েছে।<br>অভ্যন্তরীণ বোরো চাল/ধান সংগ্রহ-২০২২ কার্যক্রম সমাপ্ত হয়েছে। জিআর, ইপি, ওপি, ভিজিডি, ভিজিএফ ও ওএমএস খাতে খাদ্যশস্য বিলি/বিতরণ চলছে। বর্তমান বাজারে ধান ২৫/- থেকে ২৬/-, চাল- ৩৯/- থেকে ৪০/-, গম- ২৪/- থেকে ২৫/-, আটা- ৫০/- থেকে ৫৫/-, লবণ-৩৫/- থেকে ৪০/-, চিনি- ৮০/- থেকে ৮৫/-, মসুর ডাল-১১০/-থেকে ১৪০/- প্রতি কেজি দরে বিক্রি হচ্ছে এবং সয়াবিন তেল ১৯৬/- থেকে ২০০/- প্রতি লিটার দরে বিক্রি হচ্ছে। বর্তমানে জেলা সদরে ওএমএস কার্যক্রম চলমান আছে। নীলফামারী পৌরসভার ৯টি ওয়ার্ডে ওএমএস কার্যক্রমে শুক্রবার ও সরকারি ছুটির দিন বাদে সপ্তাহে ৬দিন সকাল ৯টা হতে বিকাল ৫টা পর্যন্ত দৈনিক ৫টি বিক্রয়কেন্দ্রে ২.০০০মেঃ টন করে মোট ১০.০০০মেঃ টন চাল প্রতি কেজি ৩০/-টাকা দরে বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। ওএমএস কার্যক্রমে আটা বিক্রয় বন্ধ আছে। সরকারি নির্দেশনা আসলে পুনরায় আটা বিক্রি চালু হবে। | ১। সেপ্টেম্বর ২০২২ মাসের ভিজিডি চাল নির্ধারিত সময়ের মধ্যে বিতরণ সম্পন্ন করতে হবে।<br>২। খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় হতদরিদ্র ভোক্তার অনলাইনে তথ্য যাচাইয়ের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>নীলফামারী সদর। |

চলমান

CS CamScanner

| | | |
|---|---|---|
| ভিজিডি খাতে সেপ্টেম্বর ২০২২ মাসে ভিজিডি খাতে বরাদ্দপত্র পাওয়া গেছে বিলি বিতরণের কাজ প্রক্রিয়াধীন। এ উপজেলায় চলতি বোরো মৌসুমে কৃষকের অ্যাপের মাধ্যমে বোরো ধান সংগ্রহ এবং অটো ও হাস্কিং মিলের নিকট হতে চাল সংগ্রহ কার্যক্রম সমাপ্ত হয়েছে। সংগ্রহের নির্ধারিত সময়ে উপজেলায় ৪৫৯.০০০ মেঃ টন ধান, ৯০৬২.১৮০মেঃ টন বোরো সিদ্ধ চাল ও ১২৪.৯০০মেঃ টন আতপ চাল ক্রয় করা হয়েছে। খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় ডিলারদের অনুকূলে চাল সরবরাহ করা হয়েছে। সরকারি নির্দেশনা মোতাবেক যে সকল হতদরিদ্র ভোক্তাগণের নাম অনলাইন ডাটাবেজে যাচাই সম্পন্ন হয়েছে, কেবল সেসকল ভোক্তাগণই সেপ্টেম্বর, ২০২২ মাসে চাল উত্তোলন করতে পারবেন এবং যেসকল ভোক্তার তথ্য এখনো যাচাই হয়নি তারা যাচাই সাপেক্ষে চাল উত্তোলন করতে পারবে। অনলাইনে বাতিলকৃত ভোক্তাগণের পরিবর্তে নতুন ভোক্তার তালিকা অন্তর্ভুক্ত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে করা হয়েছে। চলতি মাস পর্যন্ত অনলাইন যাচাইয়ের কাজ চলমান থাকবে।<br>তিনি আরও জানান যে, বিভিন্ন খাতে খাদ্যশস্য বিলি/বিতরণ সঠিকভাবে চলছে। | | |
| ১৮. উপজেলা পরিসংখ্যান বিভাগঃ উপজেলা পরিসংখ্যান অফিসার জানান আগস্ট, ২০২২খ্রি. মাসে উপজেলা পরিসংখ্যান অফিস কর্তৃক নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br>১৮.১। আউশ ফসলের মূল্য ও উৎপাদন খরচ তথ্য জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.২। বন জরিপ প্রতিবেদন প্রস্তুতপূর্বক জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৩। খানার আয় ও ব্যয় এবং এসভিআর প্রকল্পের আওতায় জনতাত্ত্বিক বিভিন্ন সূচক নির্ধারণের জন্য এ উপজেলার ৩টি নমুনা এলাকায় স্থানীয় রেজিস্টার ও সুপারভাইজারগণের মাধ্যমে তথ্য সংগ্রহের কাজ চলমান রয়েছে।<br>১৮.৪। উপজেলার প্রত্যেক ইউনিয়নে কৃষি মজুরির তথ্য সংগ্রহপূর্বক প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। | সকল প্রকার তথ্য নির্ধারিত সময়ের মধ্যে নির্ধারিত কর্তৃপক্ষের বরাবর প্রেরণ করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৯. উপজেলা আনসার ও ভিডিপি বিভাগঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর উপজেলায় আইন শৃংঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। বর্তমানে কোন সমস্যা নাই। | আইন-শৃংঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সর্বদা সজাগ থাকতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা নীলফামারী সদর। |
| ২০. বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, নীলফামারী এর প্রতিনিধি সভায় জানান যে, আমন মৌসুম চলমান রয়েছে। আমন মৌসুমে ৬৩টি গভীর নলকূপের মধ্যে ৪১টি গভীর নলকূপ ব্যবহার করে সেপ প্রদান করা হয়েছে। এ পর্যন্ত প্রায় ৮৯২ হেক্টর জমিতে আমন ধানের চারা রোপনের জন্য সেচ প্রদান করা হয়েছে। আমন ধানের পাশাপাশি বর্ষাকালীন শাক-সবজিতেও সেচ প্রদান অব্যাহত আছে। ইআইআর প্রকল্পের আওতায় নীলফামারী সদর উপজেলায় ০২(দুই)টি এল এল পি স্থাপনের লক্ষ্যমাত্রা রয়েছে এবং তিনি আরও জানান যে, দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কৃষকের চাহিদার প্রেক্ষিতে সেচ প্রদানের অব্যাহত রাখতে করতে হবে। | সহকারী প্রকৌশলী বিএমডিএ নীলফামারী। |
| ২১. বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (ক্ষুদ্রসেচ): কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপসহকারী প্রকৌশলী (ক্ষুদ্র সেচ) জানান যে, নীলফামারী সদর ইউনিট অফিসের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপসহকার প্রকৌশলী বিএডিসি(ক্ষুদ্রসেচ) নীলফামারী সদর। |
| ২২. নির্বাচন কমিশনঃ উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, আগামী ১৭ অক্টোবর নীলফামারী জেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হবে এবং সুষ্ঠভাবে নির্বাচন অনুষ্ঠানের জন্য প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে। তিনি এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | সুষ্ঠভাবে জেলা পরিষদ নির্বাচন আয়োজনের জান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার নীলফামারী সদর। |
| ২২. উপজেলা পাট উন্নয়ন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |

চলমান

CS CamScanner

| | | |
|---|---|---|
| ২৩. উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপাঃ প্রকল্প (২য় পর্যায়) কার্যপত্র পাওয়া যায়নি। তবে তথ্যসেবা কর্মকর্তা জানান যে, প্রকল্প কার্যালয়ের নির্দেশনা অনুযায়ী প্রাথমিক স্বাস্থ্য পরিক্ষা কর্মসূচির আওতায় তথ্যকেন্দ্রে আগত এবং ডোর টু ডোর সেবাগ্রহীতাগণকে সেবা প্রদান করা হয়েছে। | নারীদের প্রাথমিক স্বাস্থ্য পরিক্ষা কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা তথ্যকেন্দ্র, নীলফামারী সদর। |
| ২৪. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে সভায় জানা যায় যে, ২০২১-২০২১ অর্থ বছরের অর্থায়নে বিভিন্ন ইউনিয়নে ৮টি কমিউনিটি ক্লিনিকে ডেলিভারী রুম নির্মাণ কাজ চলমান রয়েছে। | কমিউনিটি ক্লিনিকে ডেলিভারী রুম নির্মাণ কাজ নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা প্রকৌশলী নীলফামারী সদর, নীলফামারী। |

আলোচ্যসূচি বিবিধ ০১। উপজেলা পরিষদ রাজস্ব খাতের ব্যয় অনুমোদন।

সভায় জানানো হয় যে, আগস্ট, ২০২২খ্রি. মাসে নিম্নবর্ণিত ব্যয় করা হয়েছে। যা সভায় অনুমোদন প্রয়োজন। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত খরচের ব্যয়োত্তর অনুমোদন করা হয়।

| রাজস্ব বিল নং | তারিখ | বিলের বর্ণনা | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ০১/২০২২-২৩ | ০১/০৮/২০২২খ্রি. | উপজেলা শিক্ষা অফিসার, নীলফামারী সদরকে বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক ফুটবল টুর্নামেন্ট ও বঙ্গমাতা শেখ ফজিলাতুনেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২২ আয়োজনে আর্থিক সহায়তা প্রদান বিল। | ১,৩০,০০০.০০ |
| ০২/২০২২-২৩ | ০৪/০৮/২০২২খ্রি. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর জুলাই, ২০২২ মাসের সম্মানী ও বাড়ী ভাড়া ভাতা বিল। | ৪৫,০০০.০০ |
| ০৩/২০২২-২৩ | ০৪/০৮/২০২২খ্রি. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর জুলাই, ২০২২ মাসের সম্মানী ও বাড়ী ভাড়া ভাতা বিল। | ২৭,০০০.০০ |
| ০৪/২০২২-২৩ | ০৪/০৮/২০২২খ্রি. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর জুলাই, ২০২২ মাসের সম্মানী ও বাড়ী ভাড়া ভাতা বিল। | ২৭,০০০.০০ |
| ০৫/২০২২-২৩ | ০৪/০৮/২০২২খ্রি. | উপজেলা পরিষদে কাজ নাই মজুরি নাই ভিত্তিতে কর্মরত ২জন কর্মচারির জুলাই ২০২২ মাসের মজুরি বিল। | ২৩,০০০.০০ |
| ০৬/২০২২-২৩ | ১৭/০৮/২০২২খ্রি. | উপজেলা পরিষদ চত্বর পরিচ্ছন্নতা ব্যয় বিল। | ৬২,০০০.০০ |
| ০৭/২০২২-২৩ | ১৭/০৮/২০২২খ্রি. | উপজেলা পরিষদ চত্বরে বৃক্ষ রোপন ব্যয় বিল। | ২০,৩৫০.০০ |
| ০৮/২০২২-২৩ | ১৭/০৮/২০২২খ্রি. | উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনে বৈদ্যুতিক সরঞ্জামাদি সংযোজন ব্যয় বিল। | ২,০০,০০০.০০ |
| ০৯/২০২২-২৩ | ১৭/০৮/২০২২খ্রি. | উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনে বৈদ্যুতিক সরঞ্জামাদি সংযোজন ব্যয় বিল। পার্ট-২ | ২,০০,০০০.০০ |
| ১০/২০২২-২৩ | ১৭/০৮/২০২২খ্রি. | উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনে বৈদ্যুতিক সরঞ্জামাদি সংযোজন ব্যয় বিল। পার্ট-৩ | ১,৩৪,৮৫৬.০০ |
| ১১/২০২২-২৩ | ১৭/০৮/২০২২খ্রি. | অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ চড়াইখোলা ইউনিয়নে ২১টি ও কুন্দপুকুর ইউনিয়নে ৮টিসহ মোট ২৯টি পরিবারকে অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সহায়তা প্রদান বিল। | ৩৭,০০০.০০ |

আলোচ্যসূচি বিবিধ ০২। ১৮ অক্টোবর শেখ রাসেল দিবস উদযাপন প্রসঙ্গে।

সভায় আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, আগামী ১৮ অক্টোবর ২০২২ জাতীয় শোকদিবস। উক্ত দিবসটি জাতীয় এবং জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে যথাযথভাবে উদযাপনের জন্য তিনি উপস্থিত সকলকে অনুরোধ করেন।

**আলোচ্যসূচি বিবিধ ০৩। উপজেলা পরিষদ সম্মেলন কক্ষের টেবিল, উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের অফিস কক্ষের ভিজিটর চেয়ার ক্রয়ের লক্ষ্যে প্রকল্প বাস্তবায়ন কমিটি অনুমোদনঃ**

সভায় আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের অডিটরিয়াম না থাকায় উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে সকল সভা/ সেমিনার অনুষ্ঠিত হয়ে থাকে। উক্ত সম্মেলন কক্ষের টেবিল দীর্ঘদিনের পুরাতন হওয়ার ফলে ব্যবহার অনুপযোগী হওয়ায় নতুন টেবিল ক্রয় করা প্রয়োজন এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যানদ্বয়ের অফিস কক্ষের ভিজিটর চেয়ার ব্যবহার অনুপযোগি হওয়ায় চেয়ার ক্রয় করা প্রয়োজন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ অনুযায়ী প্রতি অর্থ বছরে সর্বোচ্চ ০৩(তিন) লক্ষ টাকায় নতুন আসবাবপত্র ক্রয়ের সুযোগ রয়েছে। তিনি চলতি অর্থ বছরে প্রকল্প কমিটির মাধ্যমে ০৩(তিন) লক্ষ টাকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষের নুতন চেয়ার ক্রয়ের জন্য কমিটি গঠন করার প্রস্তাব পেশ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নবর্ণিত ব্যক্তিগণের সমন্বয়ে ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন ও অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। প্রকল্প বাস্তবায়ন কমিটি নিম্নরুপঃ

চলমান

CamScanner

| ক্রঃ নং | নাম ও পদবি | প্রকল্প বাস্তবায়ন কমিটিতে পদবি |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ মঞ্জুর মোর্শেদ তালুকদার, উপজেলা সমবায় অফিসার, নীলফামারী সদর। | প্রকল্প চেয়ারম্যান |
| ০২ | জনাব মোঃ আতাউল গনি ওসমানী, সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা, নীলফামারী সদর। | প্রকল্প সচিব |
| ০৩ | জনাব মোঃ আলমগীর হোসেন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নীলফামারী সদর। | প্রকল্প সদস্য |
| ০৪ | জনাব তুষার কান্তি রায়, উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নীলফামারী সদর। | প্রকল্প সদস্য |
| ০৫ | জনাব মোঃ মোহাইমিনুল ইসলাম, উপসহকারী প্রকৌশলী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস নীলফামারী সদর। | প্রকল্প সদস্য |

গঠিত কমিটি বিধিমোতাবেক প্রকল্প বাস্তবায়নপূর্বক বিল দাখিল করবেন।

**আলোচ্যসূচি বিবিধ ০৪। উপজেলা পরিষদের ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক আর্থিক বিবরণী অনুমোদন প্রসঙ্গে।**

সভায় আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের গত ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক আর্থিক বিবরণী প্রকৃত ব্যয়ের আলোকে প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত বার্ষিক আর্থিক বিবরণীর বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্তঃ** সভায় উপস্থিত সকলের মাঝে আলোচনান্তে উপজেলা পরিষদের ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক আর্থিক বিবরণী অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯.০৯.২০২২
(শাহিদ মাহমুদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, নীলফামারী সদর।

CamScanner

# উপজেলা পরিষদ

নীলফামারী সদর, নীলফামারী।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-০৫.৪৭.৭৩৬৪.০০০.০৯.০০২.২১. ৪৮(৫০)

তারিখঃ ১৪ আশ্বিন, ১৪২৯ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ১৩ নীলফামারী-২ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, নীলফামারী সদর।

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৫। জেলা প্রশাসক, নীলফামারী।

০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

০৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

০৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

১০। উপজেলা........................................................অফিসার, নীলফামারী সদর, নীলফামারী।

১১। চেয়ারম্যান, ...........................................ইউপি(সকল), নীলফামারী সদর, নীলফামারী।

২৯/০৯/২০২২

(জেসমিন নাহার)
উপজেলা নির্বাহী অফিসার
নীলফামারী সদর, নীলফামারী।
ফোন নম্বর ০৫৫১-৬১৩৯৬
ই-মেইলঃ unonilphamari@mopa.gov.bd

২৯/৯/২২

CamScanner